



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/৩৩৩২১১২৪৭০৫১/৩৬২৭/২/চাপাই-১০

তারিখ: ২৪ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২৮ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়: কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে

সূত্র: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং বামাশিবো/প্রশা/৫৯০; তারিখ: ৩০/০৮/২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলাধীন তোহাখানা নিয়ামতিয়া আলিম মাদ্রাসার নির্বাহী কমিটির সভাপতির বিষয়ে জনাব মোহাম্মদ শাহ্ জাহান আলি মিঞা অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। দাখিলকৃত অভিযোগ এবং বোর্ডে রক্ষিত নথি পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসা প্রতিষ্ঠার নিমিত্ত দলিলে উল্লেখিত প্রতিষ্ঠানের প্রতিষ্ঠালগ্ন থেকে জনাব মোহাম্মদ শাহ্ জাহান আলি মিঞা এবং মোহাম্মদ আব্দুর রউফ প্রতিষ্ঠাতা সদস্য হিসেবে রয়েছে মর্মে প্রতীয়মান হয়। নির্বাহী কমিটিতে ০৫ (পাঁচ) জন সদস্যর মধ্যে প্রতিষ্ঠাতা সদস্য সভাপতি মনোনীত হইবেন মর্মে বিধান রয়েছে। কিন্তু অত্র প্রতিষ্ঠানে সূত্রোক্ত স্মারকে অনুমোদিত নির্বাহী কমিটিতে প্রতিষ্ঠাতাকে সভাপতি নির্বাচিত ব্যতীরেকে ভিন্ন ব্যক্তিকে সভাপতি নির্বাচন করা হয় যা প্রবিধানমালা-২০০৯ এর ৪৮(১)(ক) ধারার পরিপন্থী।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠাতা ব্যতীরেকে ভিন্ন ব্যক্তিকে সভাপতি নির্বাচিত করে জালিয়াতির মাধ্যমে বোর্ড কর্তৃক নির্বাহী কমিটি অনুমোদন নেওয়া হয়েছে যা প্রতারণার শামিল। এমতাবস্থায়, উক্ত অনুমোদিত নির্বাহী কমিটির সভাপতি মনোনয়ন কেন বাতিল করা হবে না একইসাথে মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে না পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর জবাব প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৪.৩.২১

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd


অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
তোহাখানা নিয়ামতিয়া আলিম মাদ্রাসা,
ডাকঘর: সোনামসজিদ, শিবগঞ্জ, চাপাইনবাবগঞ্জ;

নং-বামাশিবো/প্রশা/৩৩৩২১১২৪৭০৫১/৩৬২৭/২/চাপাই-১০

তারিখ: ২৪ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২৮ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, চাপাইনবাবগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, চাপাইনবাবগঞ্জ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, শিবগঞ্জ, চাপাইনবাবগঞ্জ
৪. সভাপতি, তোহাখানা নিয়ামতিয়া আলিম মাদ্রাসা, সোনামসজিদ, শিবগঞ্জ, চাপাইনবাবগঞ্জ;
৫. পি ও টু চেয়ারম্যান/পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


২০/৩/২১
মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd